# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

## (www.btebadmission.gov.bd)

### ভর্তি নির্দেশিকা (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ)

প্রোগ্রামসমূহঃ

বেসরকারী প্রতিষ্ঠানে এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা ইন-কমার্স, সরকারি প্রতিষ্ঠানে এইচএসসি (ভোকেশনাল), সরকারি প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন ফরেষ্টি, ডিপ্লোমা ইন সার্ভিয়িং ও ডিপ্লোমা ইন লাইভস্টক এবং বেসরকারী প্রতিষ্ঠানের ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন মেরিন টেকনোলজি ও ডিপ্লোমা ইন লেদার টেকনোলজি ।

ভর্তি যোগ্যতাঃ

১। বেসরকারী প্রতিষ্ঠানে এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা ইন-কমার্স অনুমোদিত সকল শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হেত এসএসসি/এসএসসি (ভোকেশনাল) দালিল/দাখিল (ভোকেশনাল) সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। এক্ষেত্রে পাসের সন শিথিলযোগ্য।

২। সরকারি প্রতিষ্ঠানে এইচএসসি (ভোকেশনাল),এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা (ক্লাস্টার ভিত্তিক) ভর্তির জন্য আবেদন করতে পারবে। এক্ষেত্রে পাসের সন শিথিলযোগ্য।

৩। সরকারি প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন ফরেষ্টি, ডিপ্লোমা ইন লাইভস্টক এর ক্ষেত্রে ২০১৫, ২০১৬ এবং ২০১৭ সালে দেশের সকল শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি ও দাখিল/এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) /সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে ডিজিএ ২.৭৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং ও লেভেল যেকোন একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্যান্য দুটি বিষয়ে ন্যূনতম 'ডি' গ্রেড পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

৪। ডিপ্লোমা ইন সার্ভিয়িং এ ভর্তির জন্য ২০১৫, ২০১৬ এবং ২০১৭ সালে পাশকৃত এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং ছেলেদের ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিত কমপক্ষে ডিপিএ ৩.০০ সহ ন্যূনতম ৩.৫০ জিপিএ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং মেয়েদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে কমপক্ষে জিপিএ ৩:০০ সহ ন্যূনতম ৩.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং ও লেভেল যেকোন একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্যান্য দুটি বিষয়ে ন্যূনতম 'ডি' গ্রেড পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।


## সাধারণ নির্দেশনা

- ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলী ও ফলাফল নির্ধারিত ওয়েবসাইট www.btebadmission.gov.bd এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকেও জানা যাবে।
- এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/ নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- অন-লাইনে সর্বোচ্চ ১০টি টেকনোলজি/ট্রেড-এ আবেদনের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ টাকা মাত্র) ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফি প্রদান করতে হবে।
- অন-লাইন আবেদনে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন / চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১। অন-লাইনের **মাধ্যমে ভর্তির আবেদন দাখিলের জন্য করণীয়:**

<table>
<tr><th>ধাপসমূহ</th><th>করণীয়</th></tr>
<tr><td>১.১ আবেদন ফি প্রদান পদ্ধতি</td><td>

অন-লাইনে আবেদনের পূর্বে শিক্ষার্থীকে শুধুমাত্র ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা মাত্র) প্রদান করতে হবে। নিম্নে ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফি প্রদান Flow Chart এর মাধ্যমে দেখানে হল।




বর্ননাঃ

ধাপ-১ঃ যে কোন মোবাইলে ***322#** ডায়াল করতে হবে। ডায়াল সফল হলে Screen 1: এর মেনুটি আসবে।

ধাপ-২ঃ অপসন-১ Payment নির্বাচন করলে Screen 2: দেখা যাবে।

ধাপ-৩ঃ অপসন-১ Bill Pay নির্বাচন করলে Screen 4: দেখা যাবে।

ধাপ-৪ঃ Screen 4: এ Biller ID **220** এন্ট্রি দিতে হবে।

ধাপ-৫ঃ Screen 5: এ Bill Number <পাসের সন><বোর্ড কোর্ড><রোল নম্বর> এন্ট্রি দিতে হবে।

উদাহরনঃ Bill Number **2017BTE400001**

এখানে, **2017**- পাসের সন, **BTE**-কারিগরি শিক্ষা বোর্ড কোড, **400001**-শিক্ষার্থীর এসএসসি/সমমান রোল নম্বর

**Bill Number টি অত্যন্ত সতর্কতার সাথে দিতে হবে- অন্যথায় আবেদন ফি প্রদান করা হলেও অন-লাইনে আবেদন করা যাবে না।**

ধাপ-৬ঃ Screen 6: এ Amount **150/-** এন্ট্রি দিতে হবে।

ধাপ-৭ঃ Screen 7: এ PIN Number চাইলে ঐ ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং একাউন্ট এর PIN প্রদান করলে Payment সফল Messege সহ Screen: **Successful SMS** প্রদর্শিত হবে।

**বিভিন্ন শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় কোডসমূহঃ**

ঢাকা বোর্ড - DHA, কুমিল্লা বোর্ড - COM, রাজশাহী বোর্ড - RAJ, যশোহর বোর্ড - JES, চট্টগ্রাম বোর্ড - CHI, বরিশাল বোর্ড - BAR, সিলেট বোর্ড - SYL. মাদরাসা বোর্ড - MAD, দিনাজপুর বোর্ড - DIN, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড - BTE, উম্মুক্ত বিশ্ববিদ্যালয় - BOU, অন্যান্য - OTH।

</td></tr>
</table>

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| ১.২ অন-লাইনে আবেদন Submit পদ্ধতি | (ক) ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে আবেদন ফি প্রদান করার ৩০ মিনিট পর আবেদনকারী ভর্তির ওয়েবসাইট www.btebadmission.gov.bd-এ যেয়ে প্রোগ্রাম সংশ্লিষ্ট Apply Now বাটনে ক্লিক করবে । ক্লিক করার সাথে সাথেই আবেদনকারী বেসিক তথ্যাবলী ফরম দেখতে পারে। বেসিক তথ্যাবলী ফরমে আবেদনকারী তার বোর্ডের রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বোর্ডের নাম, পাসের সন ও তার মোবাইল নম্বর এন্ট্রি পূর্বক 'Next' Button ক্লিক করবে। বেসিক তথ্যাবলী ফরমে আবেদনকারী তার মোবাইল নম্বর সতর্কতার সহিত প্রদান করবে- পরবর্তীতে সমস্ত যোগাযোগ প্রদত্ত মোবাইল নম্বরে করা হবে।<br><br>(খ) 'Next' Button ক্লিক করার পর আবেদনকারী তার যাবতীয় তথ্য দেখতে পাবে। যদি আবেদনকারী ফি প্রদান না করে থাকে- সে ক্ষেত্রে আবেদনকারী আবেদন ফি প্রদান করেনি এরূপ Message প্রদর্শিত হবে।<br><br>(গ) আবেদনকারী তার স্ক্যানকৃত ছবি (ফরমেট *.jpg , সাইজ 50 KB এবং 150 px x 120 px) আপলোড করবে। আপলোড করার পর নীচের Save and Next Button ক্লিক করবে। সফলভাবে তথ্য সংরক্ষিত হলে আবেদনকারী উক্ত প্রোগ্রামের অপশন ফরম দেখতে পারবে এবং পূর্বে প্রদত্ত মোবাইলে Applicant ID ও Security Code সংক্রান্ত একটি SMS যাবে। অপশন ফরমে আবেদনকারীর তার ভর্তিচ্ছু প্রোগ্রামসমূহ Drop Down মেনুতে দেখতে পাবে। আবেদনকারী ভতিচ্ছু নির্দিষ্ঠ প্রোগ্রাম নির্বাচন করলে ইতিপূর্বে ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং (রকেট)-এ আবেদন ফি এর Transaction ID Drop Down মেনুতে দেখতে পাবে। Drop Down মেনু হতে Transaction ID নির্বাচন করে 'Use Transaction ID' Button এ ক্লিক করলে Payment টি পূর্বে Select-কৃত প্রোগ্রামের জন্য ব্যবহৃত হবে। এখানে উল্লেখ্য যে, Transaction ID এক বার ব্যবহৃত হলে সেটি দিয়ে আর অন্য কোন প্রোগ্রামে ব্যবহার করা যাবে না।<br><br>(ঘ) Transaction ID ব্যবহৃত হলে- আবেদনকারীকে নির্দিষ্ট জেলা, ঐ জেলার প্রতিষ্ঠান এবং ঐ প্রতিষ্ঠানের সিফ্ট, টেকনোলজি/ ট্রেড নির্বাচন করে 'Add Selected Institute' Button এ ক্লিক করতে হবে। এ ভাবে আবেদনকারী সর্বোচ্চ ১০টি টেকনোলজি/ ট্রেড নির্বাচন করতে পারবে। টেকনোলজি/ ট্রেড নির্বাচন করার পর 'Submit' Button এ ক্লিক করে নির্বাচিত প্রোগ্রাম ও তার টেকনোলজি/ ট্রেড এ আবেদন সম্পন্ন করবে। সফলভাবে আবেদন সম্পন্ন হলে আবেদনকারী বাম পার্শ্বে আবেদনকৃত প্রোগ্রামের লিংক দেখতে পাবে এবং Submit-কৃত আবেদনটি প্রিন্ট নিতে পারবে।<br><br>(ঙ) আবেদনকারী তার প্রোগ্রামে Select-কৃত টেকনোলজি/ ট্রেড ও তার পছন্দক্রম দেখতে পারবে। আবেদনকারী চাইলে পরবর্তীতে তার একই প্রোগ্রামে প্রতিষ্ঠান/টেকনোলজি/ট্রেড পছন্দক্রম পরিবর্তন এবং নতুন প্রতিষ্ঠান/টেকনোলজি/ ট্রেড সংযোজন ও পূর্বের Select-কৃত প্রতিষ্ঠান/টেকনোলজি/ ট্রেড বিয়োজন করতে পারবে।<br><br>(চ) একই আবেদনকারী একাধিক প্রোগ্রামে (যেমন- ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং, মেডিকেল টেকনোলজি ইত্যাদি) আবেদন করতে চাইলে- আবেদনকারীকে ২(দুই) বার Payment সম্পন্ন করে তার পূর্বে মোবাইলে প্রাপ্ত (User ID) (Applicant ID) এবং Security Code এন্ট্রি পূর্বের নিমাবলী অনুসরন করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br><br>(ছ) সরকারি প্রতিষ্ঠানে (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদনের জন্য আবেদনকারী কোটা Selection এর Drop Down মেনু দেখতে পাবে। প্রোগ্রামে আবেদন করার পূর্বে আবেদনকারী তার প্রযোজ্য কোটা নির্বাচন করে তার নির্দিষ্ট প্রোগ্রাম Submit করবে। একই প্রার্থীর একাধিক কোটা প্রযোজ্য হলে- Drop Down মেনু থেকে একাধিক কোটা নির্বাচন করতে হবে। |
| ১.৩ কোটা প্রদান (প্রযোজ্য ক্ষেত্রে) | সরকারি প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তি নীতিমালা ২০১৭ অনুযায়ী কোটা নির্বাচন করা হবে। শিক্ষার্থীরা অন-লাইনে মুক্তিযোদ্ধা ও অন্যান্য কোটার তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করবে। একজন প্রার্থী একাধিক কোটার যোগ্য হলে- প্রাথী তা অন-লাইন দিতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে এবং পরবর্তীতে সংশিণ্টষ্ট কারিগরি প্রতিষ্ঠান কর্তৃক কোটা সংক্রান্ত দলিলাদি যাচাইকরণ হবে বিধায় কোটার অপশন (Option) দেয়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। |

## ২। মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য:

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| ২.১ ভর্তির ফলাফল প্রকাশ | অন-লাইনে আবেদন গ্রহণ শেষ হলে- কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তি নীতিমালা ২০১৭ অনুসরন করে ফলাফল প্রক্রিয়াকরণপূর্বক শিক্ষার্থীদেরকে তাদের প্রদত্ত মোবাইলে SMS-এর মাধ্যমে ফলাফল জানিয়ে দেয়া হবে। তাছাড়াও, শিক্ষার্থীরা ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.btebadmission.gov.bd থেকে User ID (Applicant ID) এবং Security Code ব্যবহার করে তাদের ফলাফল জানতে পারবে। ফলাফল প্রকাশের তারিখ কারিগরি শিক্ষা বোর্ড বিজ্ঞপ্তির মাধ্যমে জানাবে। |
| ২.১ লগইন (Login) | আবেদনকারী তার User ID (Applicant ID) এবং Security Code দিয়ে ভর্তির ওয়েবসাইট www.btebadmission.gov.bd এ Login করলে শিক্ষার্থী তার নাম, নির্বাচিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য তথ্যসমূহ দেখতে পাবে এবং প্রয়োজনে উক্ত ফরমটি প্রিন্ট নিতে পারবে । |
| ২.২ সংশ্লিষ্ট কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তি এবং ভর্তি নিশ্চায়ন | আবেদনকারী নির্বাচিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য Applicant ID ব্যবহার করে ডাচ বাংলা মোবাইল বাংকিং এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে ভর্তি নিশ্চত হয়ে যাবে। এ ব্যাপারে ভর্তি ফি ও ভর্তি ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী ফলাফল প্রকাশের পর জানানো হবে। |

## ৩। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের করণীয় বিষয়সমূহ:

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| ৩.১ লগইন (Login) | প্রতিটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানকে অনলাইনে আলাদাভাবে ভর্তি সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য পূর্বে বোর্ডের বিভিন্ন কাজের জন্য ব্যবহৃত User ID ও Security Code ব্যবহার করে ওয়েবসাইট www.btebadmission.gov.bd-এ Login করতে হবে। |
| ৩.২ আবেদনকারীদের তথ্য, নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা এবং ভর্তির ফলাফল Download করণ | সংশিণ্টষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে ঐ প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত আবেদনকারীদের তথ্য দেখার ব্যবস্থা থাকবে। বিভিন্ন সময়ে ঘোষিত ফলাফল ভর্তির ওয়েবসাইট www.btebadmission.gov.bd এ দেখা ও Download করার ব্যবস্থা থাকবে। সফট্ওয়্যার সিস্টেমটিতে প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠান তার মোট আবেদনকারীর সংখ্যা, অনুযায়ী নির্বাচিত, মেধা অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের তালিকা ও সংখ্যা, ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা এবং বর্তমানে খালি আসনের সংখ্যা দেখার ব্যবস্থা থাকবে। |
| ৩.৩ ভর্তি নিশ্চায়ন | নির্বাচিত শিক্ষার্থীর ভর্তি বাবদ নির্ধারিত ফি ডাচ বাংলা মোবাইল বাংকিং (রকেট) এর মাধ্যমে Application ID বিপরীতে প্রদান সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে ভর্তি নিশ্চায়ন হবে। এভাবে শিক্ষার্থীরা ভর্তি হলে- কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান তাদের ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের টেকনোলজি/ট্রেড অনুযায়ী তালিকা দেখতে পাবে। |
| ৩.৪ কোটায় নির্বাচিত প্রার্থীদের দাখিলকৃত দলিলাদি যাচাইকরণ | সরকারি প্রতিষ্ঠানসমূহে বিভিন্ন কোটায় নির্বাচিত আবেদনকারীদের যথাযথ দলিলাদি যাচাইকরণ ছাড়া কোন প্রকারই ভর্তি করানো যাবে না। কোন প্রার্থী কোটায় নির্বাচিত হলে- নির্বাচিত শিক্ষার্থীকে ঐ কোটার সম্পর্কিত দলিলাদি সংশ্লিষ্ট কারিগরি প্রতিষ্ঠানের নিকট জমা দিতে হবে। প্রতিষ্ঠান জমাদানকৃত দলিলাদি যথাযথভাবে যাচাইকরণের পর- তথ্য সঠিক হলেই প্রার্থীকে ভর্তির অনুমতি প্রদান করবে। কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের কোটা সংক্রান্ত কাগজপত্র সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে যাচাইকরণের পর, শিক্ষার্থীরা ভর্তি ফি প্রদান করবে। এখানে উল্লেখ্য যে, ভর্তির পর শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমানিত হলে তার ভর্তি বাতিল হয়ে যাবে। |

**(ডঃ মোঃ মোস্তাফিজুর রহমান)**
**চেয়ারম্যান**
**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**
**আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা**